প্রথম আলো

06 APR 2018

তারিখ … পৃষ্ঠা … ৫ … কলাম … ২

# মোবাইল রাখায় এক কেন্দ্রেই বহিষ্কার ৩২ পরীক্ষার্থী

## সারা দেশে ১৭৯ বহিষ্কার ও ২ জন গ্রেপ্তার

এইচএসসি পরীক্ষা

**প্রশ্নপত্র ফাঁসরোধে এবার পরীক্ষায় একমাত্র কেন্দ্রসচিব ছাড়া সবার মোবাইল ফোন নেওয়া নিষিদ্ধসহ ১৬ ধরনের পদক্ষেপ নেয় শিক্ষা মন্ত্রণালয়।**

নিজস্ব প্রতিবেদক, *ঢাকা*

চলতি উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষায় গতকাল বৃহস্পতিবার রাজধানীর আহমেদ বাওয়ানী একাডেমি স্কুল অ্যান্ড কলেজ কেন্দ্রে মোবাইল ফোন রাখায় ৩২ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। একই সঙ্গে তল্লাশি না করে পরীক্ষার্থীদের কেন্দ্রে প্রবেশের সুযোগ দেওয়ায় ওই কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা (কেন্দ্রসচিব) মোশারফ হোসেন মুন্সীকে দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হয়েছে। তিনি আহমেদ বাওয়ানী একাডেমি স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ।

আন্তশিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটি জানিয়েছে, অসদুপায় অবলম্বনের জন্য এদিন সারা দেশে মোট ১৭৯ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। এর মধ্যে ১২৭ জন আটটি সাধারণ শিক্ষা বোর্ডের অধীন এবং বাকি ৫২ জন কারিগরি বোর্ডের অধীন। তা ছাড়া এদিন ভুয়া প্রশ্নপত্র ফাঁসের অভিযোগে দুজনকে গ্রেপ্তার করেছে র‍্যাব।

ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক তপন কুমার সরকার *প্রথম আলোকে* বলেন, রাজধানীর আহমেদ বাওয়ানী একাডেমি স্কুল অ্যান্ড কলেজ কেন্দ্রে দায়িত্বরত ম্যাজিস্ট্রেট ও বোর্ডের কর্মকর্তারা শিক্ষার্থীদের সঙ্গে মোবাইল থাকার বিষয়টি ধরেন। পরে দ্রুত ওই শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হয়। বহিষ্কৃত পরীক্ষার্থীরা সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজের শিক্ষার্থী।

গতকাল এইচএসসিতে ইংরেজি প্রথম পত্রের পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। প্রশ্নপত্র ফাঁসরোধে এবার পরীক্ষায় একমাত্র কেন্দ্রসচিব ছাড়া সবার মোবাইল ফোন নেওয়া নিষিদ্ধসহ ১৬ ধরনের পদক্ষেপ নেয় শিক্ষা মন্ত্রণালয়। কোন সেট প্রশ্নপত্রে পরীক্ষা হচ্ছে, তা ঠিক করা হচ্ছে পরীক্ষা শুরুর মাত্র ২৫ মিনিট আগে। এ ছাড়া এবার নজরদারি ও কড়াকড়িও আগের চেয়ে বেশি। এসব কারণে এইচএসসি পরীক্ষায় এখন পর্যন্ত প্রশ্নপত্র ফাঁসের খবর পাওয়া যায়নি।

**প্রতিনিধি, নীলফামারী** জানান, নীলফামারীতে মুঠোফোন নিয়ে কেন্দ্রে প্রবেশের অপরাধে সৈয়দপুর কারিগরি সরকারি কলেজ কেন্দ্রে ছয়জন এবং নকলের দায়ে নীলফামারী বিএম কলেজ কেন্দ্র থেকে ২১ জনকে বহিষ্কার করা হয়।

**প্রতিনিধি, গাজীপুর** জানান, গাজীপুর জেলা শহরের জয়দেবপুর সরকারি বালিকা উচ্চবিদ্যালয় কেন্দ্রে এক পরীক্ষার্থীর বদলি পরীক্ষা দিতে গিয়ে ইয়াসিন আরাফাত (২৪) নামের এক যুবককে গ্রেপ্তার করা হয়েছে। তাঁর বাড়ি নোয়াখালী সদর উপজেলার পশ্চিম বরদই গ্রামে। তিনি ভাওয়াল বদরে আলম সরকারি কলেজের মানবিক শাখার সুব্রত মজুমদার নামের এক পরীক্ষার্থীর প্রবেশপত্র নিয়ে পরীক্ষা দিচ্ছিলেন।

**দুজন গ্রেপ্তার**

**প্রতিনিধি, জামালপুর** জানান, জেলার সরিষাবাড়ী উপজেলার ভাটারা এলাকা থেকে গত বুধবার সন্ধ্যায় 'প্রশ্নফাঁস চক্রের সদস্য' মো. হুমায়ুনকে (১৯) গ্রেপ্তার করেছে র‍্যাব। ভাটারা বাজারে তাঁর কম্পিউটারের দোকান রয়েছে।

**প্রতিনিধি, বাগমারা (রাজশাহী)** জানান, রাজশাহীর বাগমারা উপজেলার নরদাশ ইউনিয়নের সাইধারা গ্রাম থেকে বুধবার রাতে রবিউল ইসলাম (১৯) নামের এক তরুণকে গ্রেপ্তার করেছে র‍্যাব। তিনি উপজেলার সাইধারা গ্রামের বাসিন্দা।

র‍্যাব-৫-এর উপ-অধিনায়ক এ এম আশরাফুল ইসলাম বলেন, প্রশ্ন ফাঁসকারী চক্রের সক্রিয় সদস্য রবিউল। তিনি কখনো আসল, কখনো নকল প্রশ্নের বিনিময়ে টাকা হাতিয়ে নিয়েছেন। চলতি এইচএসসি পরীক্ষাতেও অন্তত পাঁচজনকে প্রশ্ন দিয়েছেন। তবে প্রশ্নগুলো আসল না নকল, তা জানার চেষ্টা করছে র‍্যাব।